যুগান্তর

তারিখ ... 31 JAN 2015 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ......

# পরীক্ষা কেন্দ্রের পাশে 'ক্যাম্প' স্থাপন করবে আওয়ামী লীগ

আবদুল্লাহ আল মামুন

এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রী ও অভিভাবকদের নিরাপত্তায় 'ক্যাম্প' স্থাপন করার পরিকল্পনা করেছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। পরীক্ষা কেন্দ্রের আশপাশে এ ক্যাম্প স্থাপন করা হবে বলে দলটির শীর্ষ নেতারা জানিয়েছেন। চলমান অবরোধ-হরতালে অব্যাহত সহিংসতার মধ্যে শাসক দলের এ পদক্ষেপ লাখ লাখ পরীক্ষার্থী ও অভিভাবকদের উদ্বেগ-উৎকণ্ঠা নিরসনে ভূমিকা রাখবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

বিএনপির নেতৃত্বাধীন ২০ দলীয় জোট টানা ৭২ ঘণ্টা হরতালের ডাক দেয়ার পর শুক্রবার শাসক দলটির নীতিনির্ধারকরা তাদের প্রাথমিক পরিকল্পনা চূড়ান্ত করেছেন। জেলা ও উপজেলা আইনশৃংখলা কমিটির সহায়তায় আওয়ামী লীগ, এর সহযোগী ও ভাতৃপ্রতিম সংগঠন এবং ১৪ দলের শরিক দলগুলোর নেতাকর্মীরা এসব ক্যাম্পে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করবেন বলে জানা গেছে।

তবে এর বাইরেও শিক্ষা মন্ত্রণালয়ের পৃথক কোনো চাহিদা থাকলে তা পূরণ করবে সরকার। দলের পক্ষ থেকেও সহযোগিতা করা হবে। আওয়ামী লীগ নেতাদের মতে, জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে যৌথ বাহিনীর

করবে : পৃষ্ঠা ১৪ : কলাম ৪

## করবে : ক্যাম্প স্থাপন

(১ম পৃষ্ঠার পর)

অভিযান চলছে। পাশাপাশি সারা দেশে আনসার মোতায়েন করা হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে আর কী করা যায়, সে নিয়ে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার সঙ্গে আজকালের মধ্যেই বৈঠক করবেন বলেও জানিয়েছেন সরকার এবং দলের নীতিনির্ধারকরা। আগামী রোববার আওয়ামী লীগ পার্লামেন্টারি পার্টির (এএলপিপি) বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এএলপিপির ওই বৈঠকেও সরকারদলীয় সংসদ সদস্যদের সুনির্দিষ্ট দিকনির্দেশনা দেয়া হবে বলে সংশ্লিষ্ট সূত্র যুগান্তরকে নিশ্চিত করেছে। এসএসসি পরীক্ষা নির্বিঘ্ন করতে সংসদ অধিবেশন মুলতবি করে ওই দিন রাতের মধ্যেই নিজ নিজ এলাকায় এমপিদের যাওয়ার নির্দেশনাও দেয়া হতে পারে।

আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম শুক্রবার যুগান্তরকে বলেন, ১৪ দলের নেতা ও স্থানীয় সংসদ সদস্যদের নেতৃত্বে প্রতিটি পরীক্ষা কেন্দ্রের পাশে ক্যাম্প স্থাপন করা হবে। এসব ক্যাম্প থেকে এসএসসি পরীক্ষার্থীদের যাতায়াত নির্বিঘ্ন এবং নিরাপত্তা নিশ্চিত করা হবে। তিনি জানান, এর বাইরেও এসএসসি পরীক্ষার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নিশ্চয়ই নিজস্ব প্রস্তুতি রয়েছে।

এ ব্যাপারে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল শুক্রবার রাতে যুগান্তরকে বলেন, এসএসসি পরীক্ষার নিরাপত্তার বিষয়ে সরকারের সর্বাত্মক প্রস্তুতি রয়েছে। এর বাইরেও আওয়ামী লীগের নেতাকর্মীরা কেন্দ্র পাহারা দেবে। তার দাবি সাধারণ জনগণ এখন বোমাবাজদের ব্যাপারে সোচ্চার। তারা নাশকতাকারী ও বোমাবাজদের দেখলে প্রতিরোধ করবে। ইতিমধ্যে সে দৃষ্টান্ত স্থাপন হয়েছে।

একই বিষয়ে জানতে চাইলে আওয়ামী লীগের সিনিয়র নেতা ও শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বিএনপির নেতৃত্বাধীন জোটের ৭২ ঘণ্টা হরতাল আহ্বানের তীব্র ক্ষোভ প্রকাশ করেন। তার কাছে জানতে চাওয়া হয়েছিল সরকার এসএসসি পরীক্ষার্থী ও অভিভাবকদের কীভাবে আশ্বস্ত করবে যে, তারা নির্বিঘ্নে পরীক্ষা দিতে পারবে? আমির হোসেন আমু পাল্টা প্রশ্ন উত্থাপন করে যুগান্তরকে বলেন, বিএনপির নেতাদের ছেলেমেয়েরা পরীক্ষা দেবে না? প্রশ্নটা তাদের করা উচিত, তারা কীভাবে জনগণকে আশ্বস্ত করবে।